




স্মারক নং- সিভাসু/ প্রক্টর/অঃ যোগঃ-৫/২০১২/৫৬৮

বিজ্ঞপ্তি



এতদ্বারা চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়-এর সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানাচ্ছি যে, আগামী ১৭ মার্চ'২০২১খ্রি. 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' উদযাপন উপলক্ষ্যে “বঙ্গবন্ধু ও বাংলাদেশ” শিরোনামে সকাল ১০:০০ ঘটিকায় প্রশাসনিক ভবন প্রাঙ্গনে সিভাসু পরিবারের শিশু-কিশোরদের জন্য চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রতিযোগীদের শুধুমাত্র আর্ট পেপার সরবরাহ করা হবে। আর্ট পেপার ছাড়া চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য সামগ্রী (পেন্সিল, রং পেন্সিল, ইরেজার, বোর্ড ইত্যাদি) প্রতিযোগীদেরকে সঙ্গে নিয়ে আসতে হবে (তবে জল রং গ্রহণযোগ্য নহে)। এছাড়াও সকাল ১১:১৫ মিনিটে সিভাসু অডিটোরিয়ামে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত ভাষনের জন্য প্রত্যেক প্রতিযোগী সর্বোচ্চ ০৫(পাঁচ) মিনিট সময় পাবে। উল্লেখ্য যে, প্রতিযোগীদের দুইটি গ্রুপে বিভক্ত করা হবে। গ্রুপ-ক: তৃতীয় শ্রেণী পর্যন্ত এবং গ্রুপ-খ: চতুর্থ শ্রেণী হতে তদুর্ধ্ব। এছাড়াও শিশু-কিশোরদের অংশগ্রহণে সকাল ৯:১০মিনিটে সিভাসু ক্যাম্পাসে বর্ণাঢ্য র্যালী শেষে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর কেক কাটা হবে।

উক্ত প্রতিযোগিতায় সিভাসু পরিবারের সকল শিশু-কিশোরদের অংশগ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি। উল্লেখিত কর্মসূচীতে সিভাসুর সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে তাঁদের সন্তানদের অংশগ্রহণের ব্যাপারে উদ্বুদ্ধ করার অনুরোধ জানাচ্ছি।


(প্রফেসর গৌতম কুমার দেবনাথ)
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি
সিভাসু।

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. ডিন, ভেটেরিনারি মেডিসিন/ফুড সায়েন্স এন্ড টেকনোলজি/ফিশারিজ অনুষদ, সিভাসু।
২. পরিচালক, পিআরটিসি/ওয়ান হেলথ ইন্সটিটিউট, সিভাসু
৩. প্রক্টর, সিভাসু।
৪. পরিচালক/বিভাগীয় প্রধান/অফিস/শাখা প্রধান....., সিভাসু।
৫. প্রভোস্ট (বীর মুক্তিযোদ্ধা এম.এ. হান্নান) হল, সিভাসু।
৬. প্রভোস্ট (বঙ্গমাতা ফজিলাতুন্নেছা) হল, সিভাসু।
৭. আইসিটি সেল, সিভাসু (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৮. পিএস টু ভিসি, সিভাসু।
৯. নিরাপত্তা কর্মকর্তা সিভাসু